



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

অতীব জরুরি



স্মারক নং-৩৮.০১.০০.০০০০.১৪৩.১১.০০২.২২- ২৭৪

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সহকারী শিক্ষক নিয়োগ ২০২০-এর ২২ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত ১ম ধাপের লিখিত পরীক্ষার ফলাফল ১২ মে ২০২২ তারিখে প্রকাশিত হয়েছে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত/মনোনীত প্রার্থীগণকে অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব সনদ, স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদসহ পোষ্য সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কমপক্ষে ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ২৩ মে ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। এ সময়সীমা আগামী ১১ জুন ২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

২। উল্লেখ্য, আগামী ১২ জুন ২০২২ তারিখ থেকে মৌখিক পরীক্ষা শুরু হবে। মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে পাওয়া যাবে।

(মনীষ চাকমা)

পরিচালক (যুগ্ম-সচিব)

পলিসি ও অপারেশন বিভাগ

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই মেইল: dirpolicydpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. জেলা প্রশাসক,জেলা।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,জেলা।
৫. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।